অদম্য হীরা-মুক্তার জিপিএ-৫ অর্জন

যুগান্তর

# অদম্য হীরা-মুক্তার জিপিএ-৫ অর্জন

যশোর ব্যুরো

৩০ জুলাই ২০২৩, ২০:৪৮:০৬ | অনলাইন সংস্করণ



বাবা অসুস্থ, মা দর্জির কাজ করেন। মায়ের উপার্জনেই পাঁচ সদস্যের সংসার চলে। অভাবের সংসারে লেখাপড়া চালিয়ে যাওয়া বড় চ্যালেঞ্জ। দরিদ্রতাকে সঙ্গী করে লেখাপড়া চালিয়ে গেছেন যমজ বোন তাসনিয়া ফারিন হীরা এবং অবন্তী মেহের মুক্তা। এবারের এসএসসি পরীক্ষায় বিজ্ঞান বিভাগ থেকে জিপিএ-৫ পেয়ে চমক দিয়েছেন যমজ দুই বোন।

বলছিলাম যশোরের ঝিকরগাছা উপজেলার বদরুদ্দিন মুসলিম (বিএম) হাইস্কুলের দুই অদম্য মেধাবীর কথা। তারা ঝিকরগাছা উপজেলার শহরের কৃষ্ণনগর মন্ত্রিপাড়া এলাকার মনজুরুল ফয়েজ ও হাফিজা বেগম দম্পতির সন্তান।

প্রবল ইচ্ছাশক্তি, পরিশ্রম ও নিরলস প্রচেষ্টায় এসএসসিতে ভালো ফলাফল করেছে তারা। এবার উচ্চশিক্ষায় শিক্ষিত হয়ে মানুষের কল্যাণে কাজ করতে চায় তারা।

যমজ কন্যার মা হাফিজা বেগম বলেন, আমাদের তিনটি মেয়ে সংসারকে আলোকিত

এখন তিনি অসুস্থ, বুদ্ধিপ্রতিবন্ধী অবস্থা। আমি ঘরে বসে দর্জির কাজ করি। আমার উপার্জনে মেয়েদের লেখাপড়া চালিয়ে যাচ্ছি। কখনো অর্ধাহারে, কখনো অনাহারে আমার মেয়েরা মানুষ হওয়ার যুদ্ধে সংগ্রাম চালিয়ে যাচ্ছে। এসএসসি পরীক্ষায় মেয়ে হীরা ও মুক্তা ভালো ফলাফল করেছে। আর বড় মেয়ে সুরাইয়া আক্তার তন্নী এমএম কলেজ থেকে ইংরেজি বিষয়ে এমএ শেষ বর্ষের পরীক্ষায় অংশ নেবে। ভালো ফলাফল করলেও তাদের ভর্তি নিয়ে চিন্তায় আছি।

অবন্তী মেহের মুক্তা জানান, আমার মা আমাকে ডাক্তার হিসেবে দেখতে চান; কিন্তু মায়ের স্বপ্নপূরণ করতে পারবো কিনা সংশয়ে আছি। মায়ের স্বপ্নপূরণের সর্বোচ্চ চেষ্টা করব।

যমজ বোন তাসনিয়া ফারিন হীরা জানান, অ্যাডভোকেট হওয়ার স্বপ্ন দেখছি। সেই স্বপ্ন নিয়ে চলছি। যশোর সরকারি এমএম কলেজে ভর্তি হওয়ার ইচ্ছা আছে; দেখা যাক।

এ বিষয়ে ঝিকরগাছা বদরুদ্দিন মুসলিম (বিএম) হাইস্কুলের প্রধান শিক্ষক আবদুস সামাদ জানান, দরিদ্রতার সঙ্গে বসবাস করা হীরা-মুক্তার ফলাফলে আমরা খুশি। তারা দুজনই কলেজের গর্ব। তাদের উচ্চশিক্ষার স্বপ্ন পূরণ হোক।

---

সম্পাদক : **সাইফুল আলম**, প্রকাশক : **সালমা ইসলাম**

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯
থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২,
ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by The Daily Jugantor © 2023

X